



# PERMANENT MISSION OF BANGLADESH TO THE UNITED NATIONS

Diplomat Center, 820 2<sup>nd</sup> Avenue (4<sup>th</sup> floor), New York, NY 10017  
Tel: (212) 867-3434 • Fax: (212) 972-4038 • E-mail: bdpmny@gmail.com  
Web site: [www.un.int/bangladesh](http://www.un.int/bangladesh)

## প্রেস রিলিজ

আন্তর্জাতিক অর্থনৈতিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে দক্ষিণকে আরও বেশি কেন্দ্রীয় ভূমিকায় দেখতে  
চায় বাংলাদেশ -জাতিসংঘে রাষ্ট্রদূত মাসুদ বিন মোমেন

নিউইয়র্ক, ১২ সেপ্টেম্বর ২০১৯ :

আন্তর্জাতিক অর্থনৈতিক কাঠামোতে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় দক্ষিণের দেশগুলোর ভূমিকার গুরুত্বের উপর জোর দিয়েছেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত মাসুদ বিন মোমেন। আজ জাতিসংঘ সদরদপ্তরে 'জাতিসংঘের দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা দিবস' (বুয়েনস আইরেস প্ল্যান অব অ্যাকশন গ্রহণের ৪১তম বার্ষিকী) উদযাপন অনুষ্ঠানে প্রদত্ত বক্তব্যে এ কথা উল্লেখ করেন তিনি। স্থায়ী প্রতিনিধি বলেন, “আন্তর্জাতিক অর্থনৈতিক পরিমন্ডলে সিদ্ধান্ত গ্রহণে অবশ্যই দক্ষিণকে কেন্দ্রীয়ভাবে আরও বেশী ভূমিকা রাখার সুযোগ দিতে হবে। দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা জোরদার করার জন্য বৈশ্বিক আর্থিক ও অর্থনৈতিক প্রশাসন কাঠামোর একটি মৌলিক পরিবর্তন শুরু হওয়া দরকার”।

দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা কাঠামোকে সুদৃঢ় করার লক্ষ্যে রাষ্ট্রদূত মাসুদ তাঁর বক্তব্যে প্রতিশ্রুত ওডিএ প্রদান, নতুন আঞ্চলিক ও বৈশ্বিক ব্যাংকগুলির আর্থিক সহায়তা বৃদ্ধি, প্রযুক্তি হস্তান্তর ত্বরান্বিত করা, ডব্লিউটিওর অগ্রাধিকারমূলক বাণিজ্য বিধিমালায় বাস্তবায়ন এবং জাতিসংঘের উন্নয়ন ব্যবস্থাপনার অধীনে সহায়তা প্রদানের মতো বিষয়গুলো তুলে ধরেন।

এবছরের মার্চে আর্জেন্টিনার বুয়েনস আইরেসে অনুষ্ঠিত বাপা+ ৪০ সম্মেলনে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন দক্ষিণের দেশগুলোর জন্য মন্ত্রী পর্যায়ের একটি ফোরাম প্রতিষ্ঠার যে প্রস্তাব দেন তার পুনরুল্লেখ করেন স্থায়ী প্রতিনিধি।

রাষ্ট্রদূত মাসুদ ‘জ্ঞান ও উদ্ভাবন বিষয়ক দক্ষিণ-দক্ষিণ কেন্দ্র’ -এর বিষয়টিও উল্লেখ করেন যা বাংলাদেশে স্থাপিত হতে যাচ্ছে।

জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস, দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা বিষয়ক উচ্চ-পর্যায়ের কমিটির সভাপতি অ্যাডোনিয়া আয়েবার, ইউএনডিপি প্রশাসক আখিম স্টেইনার এবং দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা বিষয়ক মহাসচিবের দূত জর্জ চেডিয়েক অনুষ্ঠানটিতে বক্তব্য রাখেন।

\*\*\*